# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৩৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪১. সিজদার সময় হাত রাখার পূর্বে হাঁটু রাখা প্রসঙ্গে

بَابُ كَيْفَ يَضَعُ رُكْبَتَيْهِ قَبْلَ يَدَيْهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَعْمَرٍ، حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مِنْهَالٍ، حَدَّثَنَا هَمَّامٌ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جُحَادَةَ، عَنْ عَبْدِ الْجَبَّارِ بْنِ وَائِلٍ، عَنْ أَبِيهِ، أَنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم، فَذَكَرَ حَدِيثَ الصَّلاَةِ، قَالَ: فَلَمَّا سَجَدَ وَقَعَتَا رُكْبَتَاهُ إِلَى الأَرْضِ قَبْلَ أَنْ تَقَعَ كَفَّاهُ، قَالَ هَمَّامٌ: وَحَدَّثَنِي شَقِيقٌ، قَالَ: حَدَّثَنِي عَاصِمُ بْنُ كُلَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنِ النَّبِيِّ صلي الله عليه وسلم: بِمِثْلِ هَذَا، وَفِي حَدِيثِ أَحَدِهِمَا: وَأَكْبَرُ عِلْمِي أَنَّهُ فِي حَدِيثِ مُحَمَّدِ بْنِ جُحَادَةَ: وَإِذَا نَهَضَ نَهَضَ عَلَى رُكْبَتَيْهِ وَاعْتَمَدَ عَلَى فَخِذِهِ

ـ ضعيف

বাংলা

৮৩৯। ’আবদুল জাব্বার ইবনু ওয়ায়িল হতে তাঁর পিতার সূত্রে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সালাত সম্পর্কে হাদীস বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিজদাকালে স্বীয় হস্তদ্বয় মাটিতে রাখার পূর্বে হাঁটদ্বয় মাটিতে স্থিরভাবে রাখতেন।

বর্ণনাকারী হাম্মাম (রহঃ) শাকীক সূত্রে বর্ণনা করেন যে, ’আসিম ইবনু কুলায়িব তাঁর পিতার হতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সূত্রে উপরোক্ত হাদীসের অনুরূপ হাদীস বর্ণনা করেছেন। উল্লিখিত বর্ণনাকারীদ্বয়ের মধ্যে আমার জানামতে সম্ভাব্য মুহাম্মাদ ইবনু জুহাদা বর্ণিত হাদীসে রয়েছেঃ তিনি সিজদার পর উঠে দাঁড়ানোর সময় হাঁটু ও রানের উপর ভর করে দাঁড়াতেন। [1]

দুর্বল।

## English

The above-mentioned tradition has also been transmitted by Wa’il b. Hujr through a different chain of narrators. This version has:
When he prostrated himself, his knees fell on the ground before his hands had fallen. Hemmam said: This tradition has also been transmitted by ‘Asim b. Kulaib through a different chain of narrators to the same effect. And one of these two versions, and probably the version narrated by Muhammad b. Juhadah, has the words: When he stood up (after prostration), he stood up on his knees taking the support of his thighs.

### ফুটনোট

[1] এর সনদে দোষ হচ্ছে সনদে আব্দুল জাববার ইবনু ওয়ায়িল এবং তার পিতার মাঝে ইনকিতা (বিচ্ছিন্নতা)। কেননা তিনি তার পিতা থেকে কিছুই শুনেননি। যেমন তা ইবনু মাঈন, ইমাম বুখারী ও অন্যরা বলেছেন। এর অন্য সূত্রে শাকীক নামক অজ্ঞাত ব্যক্তি রয়েছে। ‘আওনুল মা‘বূদে আল্লামা শামসুল হাক্ব ‘আযীমাবাদী বলেন, দাঁড়ানোর সময় মাটিতে ভর করে দাঁড়ানো প্রমাণিত আছে সহীহুল বুখারীতে। আর আপনারা অবহিত হয়েছেন যে, মুহাম্মাদ ইবনু জুহাদার সনদটি মুনকাতি। শাকীক থেকে হাম্মাদের সনদটি মুরসাল। আর ‘আসিমের পিতা কুলাইব ইবনু শিহাবের মারফূ বর্ণনাটি মুরসাল। কেননা তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে পাননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58157

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন